

অ্যাক্রেডিটেশন ছাড়া শিক্ষার্থীরা কর্মসংস্থানের সুযোগ পাবে না

যুগান্তর

সংবাদ বিজ্ঞপ্তি
০২ জুলাই ২০২২,



২৯ জুন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের এভিনিউ ৬ লেকড্রাইভ রোড, উত্তরা সেক্টর ১৭/এইচ, ঢাকায় অবস্থিত স্থায়ী ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় আয়োজিত 'জব ফেয়ার ২০২২' এ প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম নূরুল ইসলাম, কোষাধ্যক্ষ মোর্শেদা চৌধুরী, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. মুশফিক মান্নান চৌধুরী ও ওয়ার্ল্ড স্কুল অব বিজনেসের বিভাগীয় প্রধান ড. সেলিম আহমেদ এবং সভাপতিত্ব করেন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী।

প্রধান অতিথি বলেন, সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভবিষ্যতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের (বিএসি) অ্যাক্রেডিটেশন না থাকলে যথেষ্ট উপযুক্ত মান অর্জন করা সম্ভব হবে না এবং শিক্ষার্থীরা কর্মসংস্থানের সুযোগ পাবে না।

জব ফেয়ারে বসুন্ধরা গ্রুপের টগি ফান ওয়ার্ল্ড, মিনিস্টার হাই-টেক পার্ক লিমিটেড, অগমেডিক্স বাংলাদেশ লিমিটেড, রকমারি ডটকম, ঢাকা রিজেন্সি হোটেল অ্যান্ড রিসোর্ট, ভিস্তা ইলেকট্রনিক্স লিমিটেড, ঢাকা রিসোর্ট, ইউ এস বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, মিকা সিকিউরিটিজ লিমিটেড, ব্রাইট স্কিলস, সিমেক

সিস্টেম লিমিটেড, গ্র্যাভিটি ইঞ্জিনিয়ারিং লিমিটেড, প্রথম আলোর চলতি ঘটনা ম্যাগাজিন, ওয়ান লিটল ওয়েব, ই-লার্নিং এন্ড আর্নিং লিমিটেড, টেক ট্যালেন্টস, লার্নিং বাংলাদেশ, ক্যালিব্রেশন প্রযুক্তি প্রাইভেট লিমিটেড, এনস্টার গ্রুপ, ও কাউন্সেলস 'ল' পার্টনারস (সিএলপি) অংশগ্রহণ করে।

চাকুরি প্রত্যাশীরা কোনো রেজিস্ট্রেশন বা এন্ট্রি ফি ছাড়াই নিয়োগকারীদের কাছে তাদের জীবন বৃত্তান্ত জমা দেয়ার সুযোগ পায় যেগুলো পরবর্তীতে বাছাই করে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। পাশাপাশি যারা ফাইনাল সেমিস্টারের শিক্ষার্থী তাদেরও ইন্টার্নশিপের জন্য সিভি জমা দেয়ার সুযোগ দেয়া হয়। জব ফেয়ারটি বাংলাদেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটদের জন্য উন্মুক্ত রাখা হয় এবং কর্পোরেট এক্সপার্টদের দিয়ে সকল গ্র্যাজুয়েটদের জন্য একটি ক্যারিয়ার কাউন্সেলিং সেশনের ব্যবস্থা করা হয়।

দিনব্যাপী এই জব ফেয়ারের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি শিক্ষার্থীদেরকে প্রতিযোগিতামূলক চাকুরির বাজার সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জনের সুযোগ সৃষ্টি করতে পারায় ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ কতৃপক্ষ সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন।